বাংলাদেশের সুবর্ণজয়ন্তী
Bangladesh 50

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd

মুজিব ১০০

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.১৮.০০৩(অংশ-৩).১০-১১৭৩ তারিখ: ১৬-০৩-২০২৩ ইং

## অফিস আদেশ

বিষয়ঃ **চুক্তি দলিল প্রস্তুত, নথিতে বীমা সংক্রান্ত তথ্যাদি সংরক্ষণ, LTM পদ্ধতিতে আহবানকৃত দরপত্রসমূহের বিজ্ঞাপন আঞ্চলিক পত্রিকায় প্রকাশ এবং Works Program/Delivery Schedule নথিতে সংরক্ষণ প্রসঙ্গে।**

সূত্রঃ স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৭.০৩১.২২.৭৭৯, তারিখঃ ২০-০৯-২০২২ ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, সম্প্রতি ১০টি জেলায় এবং ১০০টি উপজেলার গত ২০২১-২০২২ অর্থবছরে সম্পাদিত ক্রয়কার্যের নমুনাভিত্তিক ক্রয় প্রক্রিয়া-উত্তর আভ্যন্তরীণ পুনরীক্ষণ সম্পন্ন করা হয়েছে। ক্রয় প্রক্রিয়া-উত্তর আভ্যন্তরীণ পুনরীক্ষণে দেখা যায়, প্রায় সকল জেলাতেই কিছু সাধারণ ত্রুটি বিদ্যমান, যা নিরসনে নিম্নলিখিত পদক্ষেপ সমূহ গ্রহণ করার জন্য সকল ক্রয়কারীকে আদেশ প্রদান করা হলঃ

- পিপিআর ২০০৮ এর বিধি ৪(৭) এবং সংশ্লিষ্ট চুক্তি দলিলের GCC Clause অনুযায়ী চুক্তিদলিল এর কপি প্রকল্প ব্যবস্থাপকের কার্যালয় এবং প্রকল্প সাইটে থাকতে হবে।
- যেসকল চুক্তির ক্ষেত্রে বীমা প্রয়োজন সেসকল চুক্তিতে বীমা সম্পাদন পূর্বক বীমা সংক্রান্ত তথ্যাদি নথিতে অবশ্যই সংরক্ষণ করতে হবে।
- LTM পদ্ধতিতে আহবানকৃত দরপত্রসমূহের ক্ষেত্রে জাতীয় ২টি (বাংলা এবং ইংরেজী) এবং আঞ্চলিক ১টি পত্রিকায় IFT প্রকাশ করা হচ্ছে যা সরকারী অর্থ অপচয়ের শামিল। এক্ষেত্রে পিপিআর ২০০৮ এর বিধি ৬৪(৩) মোতাবেক LTM পদ্ধতিতে আহবানকৃত দরপত্রসমূহের ক্ষেত্রে শুধুমাত্র আঞ্চলিক ১টি পত্রিকায় IFT প্রকাশ করার জন্য নির্দেশ প্রদান করা হল।
- যেকোন কার্য সম্পাদন আরম্ভের পূর্বে এবং চুক্তি চলমান অবস্থায় ঠিকাদারের নিকট হতে নিয়মিত Works Program অবশ্যই গ্রহণ করতে হবে এবং এ সংক্রান্ত তথ্যাদি নথিতে অবশ্যই সংরক্ষণ করতে হবে।

এ আদেশ জনস্বার্থে জারী করা হ'ল এবং অবিলম্বে কার্যকর হবে।

১৬.০৩.২০২৩

**(সেখ মোহাম্মদ মহসিন)**
প্রধান প্রকৌশলী
ফোনঃ ০২-৫৮১৫২৮০২
ই-মেইলঃ ce@lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.১৮.০০৩(অংশ-৩).১০-১১৭৩/১(৭৫) তারিখ: ১৬-০৩-২০২৩ ইং

অনুলিপিঃ
১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/বিভাগ।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/অঞ্চল।
৩। প্রকল্প পরিচালক (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৪। নির্বাহী প্রকৌশলী (সকল), এলজিইডি, জেলা:..................................।
৫। উপজেলা প্রকৌশলী (সকল), এলজিইডি, ..................উপজেলা, জেলা: ..................।

১৬.০৩.২০২৩

**(মো: আব্দুস সাত্তার)**
নির্বাহী প্রকৌশলী (প্রকিউরমেন্ট)